

উপজেলা পরিষদ
বরিশাল সদর, বরিশাল।

জুলাই/২০২২ মাসে অনুষ্ঠিত উপজেলা পরিষদের সাধারণ সভার কার্যবিবরণী।

সভাপতি :	সাইদুর রহমান রিন্টু চেয়ারম্যান উপজেলা পরিষদ বরিশাল সদর, বরিশাল।
সভার তারিখ :	২৭ জুলাই ২০২২ খ্রিঃ।
সভার তারিখ ও সময় :	সকাল ১১.৩০ ঘটিকা।
সভার স্থান :	বরিশাল সদর উপজেলা পরিষদ মিলনায়তন।
সভায় উপস্থিত সদস্যবৃন্দ :	পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য।

সভায় উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভাপতি বিগত জুন/২০২২ মাসের সভার কার্যবিবরণী পাঠ করে শুনান। উক্ত কার্যবিবরণী সমীক্ষাভাবে লিপিবদ্ধ হওয়ার সর্বসম্মতিক্রমে দৃষ্টীকরণ করা হয়। অতঃপর সভার আলোচ্যসূচি অনুযায়ী দপ্তরভিত্তিক বিস্তারিত আলোচনাতে পর্যায়ক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গ্রহণ করা হয়।

০২. উপজেলার সরকারী দপ্তরসমূহের উন্নয়নমূলক কর্মকাণ্ডের অগ্রগতি পর্যালোচনা ও সিদ্ধান্ত :

নং	দপ্তর/ বিভাগ	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
০১	উপজেলা স্বাস্থ্য দপ্তর	উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বরিশাল সদর, বরিশাল সভায় জানান যে, করোনা সংক্রমণের হার বেড়ে যাচ্ছে। তিনি সকলকে স্বাস্থ্যবিধি মেনে চলা এবং সামাজিক দূরত্ব বজায় রাখা ও জনসমাগম বর্জন করতে অনুরোধ জানান। মসজিদ, মন্দির, গির্জা ইত্যাদি স্থানে সামাজিক দূরত্ব বজায় রাখতে অনুরোধ জানান। তিনি আরো জানান যে, গত ১৯ জুলাই ২০২২ খ্রিঃ তারিখ কোভিড-১৯ তৃতীয় ডোজ বা বুস্টার ডোজ প্রদান উপলক্ষে দেশব্যাপী ভ্যাকসিনেশন দিবস উদ্‌যাপন করা হবে। এ লক্ষ্যে বরিশাল সদর উপজেলায় ব্যাপক প্রচার প্রচারণার মাধ্যমে জনগণকে উদ্বুদ্ধ করে বুস্টার ডোজ দিবস পালন করা হয়।	সভায় বিস্তারিত আলোচনান্তে করোনা-১৯ টিকার বুস্টার ডোজ প্রদানের বিষয়ে বহল প্রচরের ব্যবস্থা গ্রহণসহ স্বাস্থ্যবিধি মেনে ও সামাজিক দূরত্ব বজায় রেখে জনসমাগম বর্জন করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। এছাড়া কোভিড-১৯ প্রতিরোধকল্পে নিয়োজিত নির্দেশনাসমূহ বাস্তবায়নের জন্য অনুরোধ করা হলো।	১। উপজেলা স্বাস্থ্য কর্মকর্তা ও সংশ্লিষ্ট সকল, বরিশাল সদর, বরিশাল। ২। ইউপি চেয়ারম্যান (সকল) বরিশাল সদর, বরিশাল।
			ক) স্বাস্থ্যবিধি মেনে চলার জন্য জনসাধারণকে উদ্বুদ্ধ করতে সকল প্রকার গণমাধ্যমে অনুরোধ জানাতে হবে;	
			খ) সকল ক্ষেত্রে মাস্ক পরা বাধ্যতামূলক করা, "নো মাস্ক নো সার্ভিস" নীতি প্রয়োগ করা, সামাজিক দূরত্ব বজায় রাখা, জনসমাগম যথাসম্ভব বর্জন করতে হবে;	
			গ) ধর্মীয় প্রার্থনার স্থানসমূহে (যেমন- মসজিদ, মন্দির, গির্জা ইত্যাদি) মাস্ক পরা ও সামাজিক দূরত্ব বজায় রাখতে হবে;	
			ঘ) জ্বর, সর্দি, কাশি বা কোভিড-১৯-এর উপসর্গ দেখা দিলে কোভিড টেস্ট করার জন্য উদ্বুদ্ধ করতে হবে;	
			ঙ) দোকান, শপিংমল, বাজার, ফ্রেতা-বিক্রেতা, হোটেল-রেস্টুরেন্ট সবাইকে বাধ্যতামূলকভাবে মাস্ক পরিধান করতে হবে।	
			চ) স্বাস্থ্যবিধি প্রতিপালন এবং মাস্ক পরিধানের বিষয়ে সকল মসজিদে জুমার নামাজে খুতবায় ইমামগণ সংশ্লিষ্টদের সচেতন করবেন।	